গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক সংখ্যা- ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১৭(অংশ-২).২১-৮০৩

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

**বিষয়: পিইডিপি ৪ এর আওতায় ২০২০-২১ অর্থবছরে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থে মাইনর মেরামত কার্য সম্পাদন।**

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৩৮.১৫০.১৮০.০২৬.০০.০০.৪৬(২).২০১৮-৩৬৩, তারিখ: ২৮ ডিসেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২১-২২ অর্থবছরে ১৫,০০০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে (তালিকা সংযুক্ত) প্রতিটি বিদ্যালয়ে ০২ (দুই) লক্ষ টাকা করে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়সমূহে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালনপূর্বক মেরামত কার্য সম্পাদনের জন্য অনুরোধ করা হলো:

শর্তাবলী:

১. উল্লিখিত মাইনর মেরামত কার্যক্রম বিদ্যালয় ম্যানেজিং কমিটির মাধ্যমে সম্পাদন করতে হবে।

২. কাজ শুরুর পূর্বে অবশ্যই উপজেলা প্রকৌশলী কর্তৃক মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুত করে উপজেলা শিক্ষা কমিটির অনুমোদন নিয়ে মেরামত কাজ সম্পন্ন করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা প্রকৌশলী (এলজিইডি) বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও এসএমসি-কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

৩. বরাদ্দকৃত অর্থে বিদ্যালয়ের প্রয়োজনীয়তার নিরিখে নিম্নোক্ত ক্ষেত্রে মেরামত কার্যক্রম সম্পন্ন করা যাবে: (ক) বিদ্যালয় ভবন, ওয়াশব্লক এবং টয়লেটের ক্ষতিগ্রস্ত প্লাস্টার মেরামত, (খ) দরজা, জানালা, বেঞ্চ, চেয়ার, কলাপসিবল গেট ইত্যাদি মেরামত (গ) ছাদের সিলিং/আস্তর মেরামত, (ঘ) ভবনের ওয়াল, কলাম, বীম এবং ছাদের ফাটল মেরামত, (ঙ) বিদ্যালয় ভবনের দরজা, জানালা রংকরণ, (চ) টাইলস (যদি থাকে), সিড়ির রেলিং, বিদ্যালয়ের গেট এবং ড্রেনেজ সিস্টেম মেরামত, (ছ) ব্ল্যাক বোর্ড প্লাস্টারকরণ এবং রংকরণ (জ) টয়লেট এর পাইপ, ড্রেন, বেসিন, কমোড, প্যান ইত্যাদি মেরামত/প্রতিস্থাপন, (ঝ) টিউবওয়েল এর প্লাটফর্ম মেরামত এবং টিউবওয়েলের যন্ত্রাংশ প্রতিস্থাপন, (ঞ) বিদ্যালয় ভবনের বৈদ্যুতিক ব্যবস্থা (সুইচ, ওয়্যারিং, ফ্যান ইত্যাদি) মেরামত, (ট) বিদ্যালয়ের মাঠে মাটি ভরাটকরণ, (ঠ) বিদ্যালয় ভবনের নিরাপত্তার স্বার্থে যেকোন মেরামত, (ড) এছাড়াও বিদ্যালয়ের চাহিদাভিত্তিক অন্যান্য মেরামত।

৪. বিদ্যালয় ম্যানেজিং কমিটি বিদ্যালয়ে কোন কোন খাতে মেরামত প্রয়োজন তার তালিকা প্রস্তুত করে প্রধান শিক্ষকের মাধ্যমে উপজেলা শিক্ষা অফিসার এর নিকট জমা দিবেন। উপজেলা শিক্ষা অফিসার বরাদ্দ প্রাপ্ত বিদ্যালয়ের মেরামতের তালিকা সংগ্রহপূর্বক একত্রে প্রাক্কলন প্রস্তাব তৈরির জন্য উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর নিকট প্রেরণ করবেন। উপজেলা প্রকৌশলী (এলজিইডি) কর্তৃক প্রাক্কলন প্রস্তাব প্রস্তুতপূর্বক উপজেলা শিক্ষা অফিসার এর নিকট প্রেরণ করবেন। উপজেলা শিক্ষা অফিসার প্রাক্কলন প্রস্তাব মহানগর/উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটি'তে অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

৫. বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ে মেরামতের প্রয়োজন না থাকলে অথবা রাজস্বখাত থেকে বর্তমান অর্থবছরে বিদ্যালয় মেরামত বাবদ বরাদ্দ পেয়ে থাকলে অথবা এলজিইডি কর্তৃক মেজর মেরামতের জন্য দরপত্র প্রক্রিয়া চলমান থাকলে বরাদ্দকৃত এ অর্থ ব্যয় করা যাবে না। এক্ষেত্রে বরাদ্দপ্রাপ্ত অর্থ সমর্পণ করতে হবে।

৬. নিরীক্ষা (অডিট) এর জন্য বিল/ভাউচার ও প্রাক্কলন এর কপি উপজেলা শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক উক্ত বিল/ভাউচার ও প্রাক্কলন এর এক কপি নিজ বিদ্যালয়ে সংরক্ষণ করবেন।

৭. বিদ্যালয় মেরামতের প্রাক্কলন উপজেলা শিক্ষা কমিটিতে অনুমোদন ব্যাতিত অর্থ ব্যয় করা যাবে না। অর্থ আবশ্যিকভাবে ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে ব্যয় করতে হবে।

৮. তাঁর উপজেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে কি না এবং মাইনর মেরামত কাজের অগ্রগতি বিষয়ে প্রতি মাসের ৩০ তারিখে নিম্নোক্ত ছকে একটি প্রতিবেদন ই-মেইলে (adplandpe@gmail.com) প্রেরণ করতে হবে।

| ক্র: | বিদ্যালয়ের নাম | প্রাক্কলন এলজিইডির সহায়তায় প্রস্তুত করা হয়েছে কি না (হ্যাঁ/না) | প্রাক্কলন শিক্ষা কমিটির অনুমোদন নেয়া হয়েছে কি না (হ্যাঁ/না) | প্রাক্কলনের সংক্ষিপ্ত বিবরণ | প্রাক্কলিত অর্থ | মন্তব্য/ অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৮ |

৯. অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ বিভাগের জিও নং-৩৮.১৫০.১৮০.০২৬.০০.০০.৪৬(২).২০১৮-৩৬৩, তারিখ: ২৮ ডিসেম্বর ২০২১ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। সেসাথে ভ্যাট কর্তনসহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে।

১০. অ্যাকাউন্টস অফিস হতে বিল পাশের পর উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা কোনভাবেই নগদ অর্থের মাধ্যমে বিদ্যালয় পর্যায়ে অর্থ প্রদান করতে পারবেন না। অবশ্যই বিদ্যালয়ের নির্দিষ্ট হিসাবে (Account) অর্থ স্থানান্তর বা ক্রস চেকের মাধ্যমে তা প্রদান করতে হবে।

১১. উক্ত মেরামত কার্যক্রমে অর্থ ব্যয়ের ক্ষেত্রে যথাযথ স্বচ্ছতা অনুসরণ করতে হবে। এক্ষেত্রে যে কোনো ধরনের আর্থিক অনিয়মের জন্য ডিডিও দায়ী থাকবেন।

১২. পত্রের কপি সকল প্রধান শিক্ষককে আবশ্যিকভাবে বিতরণ করতে হবে। এক্ষেত্রে কোন ধরনের অবহেলা গ্রহণযোগ্য হবে না।

উল্লিখিত নির্দেশনা অনুসরণে পিইডিপি-৪ এর আওতায় ২০২১-২২ অর্থবছরে নির্বাচিত ১৫,০০০টি প্রাথমিক বিদ্যালয়ে অর্থ প্রাপ্তি সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে মাইনর মেরামত কার্যক্রম সম্পাদনের প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১) বরাদ্দপ্রাপ্ত ১৫,০০০টি বিদ্যালয়ের তালিকা ।

৩০/১২/২১

(দিলীপ কুমার বণিক)
এফসিএমএ
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

উপজেলা/থানা শিক্ষা কর্মকর্তা

উপজেলা/থানা------------------------- জেলা--------------------

স্মারক সংখ্যা- ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১৭(অংশ-২).২১- ৮০৭/৩০৬৮

তারিখ: ১৫ পৌষ ১৪২৮
৩০ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন), এলজিইডি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
(তাঁর আওতাধীন উপজেলা প্রকৌশলী কর্তৃক বিদ্যালয়ের প্রাক্কলন প্রস্তুতিতে প্রধান শিক্ষক ও এসএমসি সভাপতিদের প্রয়োজনীয় সহায়তার অনুরোধসহ)
২। পরিচালক, তথ্য ব্যবস্থাপনা বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। জেলা প্রশাসক, জেলা ----------------------------।
৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, বিভাগ---------------------।
(তাঁর আওতাধীন জেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকাসহ সকল তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ ও মেরামত কাজ পরিবীক্ষণ এর অনুরোধসহ)
৬। উপজেলা চেয়ারম্যান, উপজেলা/ থানা-------------------------, জেলা--------------------।
৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা/ থানা-------------------------, জেলা--------------------।
৮। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, জেলা ----------------------------।
(তাঁর আওতাধীন সকল উপজেলার ২০২১-২২ অর্থবছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সম্পাদিত মাইনর মেরামত কার্যক্রমের মান যাচাইপূর্বক বিবরণী প্রেরণের অনুরোধসহ)
৯। মহাপরিচালকের মহোদয়ের একান্ত সচিব (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০। উপজেলা/ থানা হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা/ থানা-------------------------, জেলা--------------------।
১১। সংরক্ষণ নথি।

৩০/১২/২২

(মোহাম্মদ তৌহিদুল ইসলাম)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)